5758      G-5249

15000रु. भारतीय गैर न्यायिक 15000रु.

INDIA NON JUDICIAL

पन्द्रह हजार रुपये      RUPEES FIFTEEN THOUSAND

सत्यमेव जयते

Rs.15000      भारत INDIA      Rs.15000

01BB 921300

থানা - সোনারপুর, মৌজা - তেঘরী

জমি - ২ কাঠা ৮ ছটাক

মূল্য - ৩,৭৫,০০০.০০ তিন লক্ষ পঁচাত্তর হাজার টাকা -

মূল্যের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা :-

********************************

Admissable under rule 21, of L. R. Act.
Stamped of 314 of L. R. Act. 1899
under the ... Stamp Act. Schedule A 4114/-
Correc... ... Paid.........
I A No. 23 ... 6/50
Process Fees ...
... South 24-Pgs.
19/6/2000

কোবালা ক্রেতা :-

শ্রীমতী চিত্রা দে , স্বামী - শ্রী দিলীপ দে

জাতি - হিন্দু , পেশা - গৃহস্থালী, সাং - সাহেবপাড়া ,

থানা ও পোঃ- সোনারপুর , জেলা - দক্ষিন ২৪ পরগনা ।।

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES



কোবালা বিক্রেতা :-

শ্রী অর্দ্ধেন্দু কুমার নস্কর , পিতা- শ্রী কৃষ্ণ চন্দ্র নস্কর

জাতি - হিন্দু , পেশা - ব্যবসা, সাং - নওয়াপাড়া

থানা ও পোঃ- সোনারপুর, জেলা - দক্ষিন ২৪ পরগনা ॥

কস্য আমার দাদা সূত্রে প্রাপ্ত রায়ত দখলী স্বত্ব স্বত্ব বিশিষ্ট সর্ব্বপ্রকার - হস্তান্তর যোগ্যের খেরাজী ডাঙ্গা জমি জমা সায় যাবতীয় চলাচলের ব্যবহারিক - ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ সম্পত্তি বিক্রয়ের নিঃস্বত্ব সাফ, কোবালা পত্র - মিদং কার্য্যঞ্চাগে :- - -

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रूपये ONE THOUSAND RUPEES



জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন রাজপুর - সোনারপুর পৌরসভার এলাকা ভুক্ত পরগনে - মেদনমল্ল অন্তর্গত জে: এল: নং - ৫২, মৌজা - তেঘরী অবস্থিত নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত এবং পত্র - কোবালা সংলগ্ন নকসার 'বি - ১' মার্কা প্লটে লাল রং দ্বারা সীমারেখা চিহ্নিত ও - পরিবেষ্টিত ২ কাঠা ৮ ছটাক পরিমিত জমি পত্র কোবালা মূলে বিক্রীত সম্পত্তি হইতেছে ।

নিম্ন তপশীল বর্নিত জমি জমা সহ অন্যান্য জমি জমা আমি পত্র কোবালা - বিক্রেতা বিগত ইংরাজী - ১৯৭৪ সালে আমার পিতা - শ্রী কৃষ্ণচন্দ্র নস্কর মহাশয়ের - নিকট হইতে দান সূত্রে প্রাপ্ত হই । উক্ত দানপত্র দলিল খানি সোনারপুর সাবরেজিষ্ট্রী - অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৭ নং ভল্যুমে ১১১ হইতে ১১৩ নং পাতায় ১৯৭৪ -

1000Rs.




( ৪ )

১৯৭৪ সালে ৯৬৫ নং দানপত্র দলিল রূপে লিপিবদ্ধ হইয়াছে । উক্তরূপে প্রাপ্ত হইয়া - ভূস্বামী সেরেস্তায় ধার্য্য খাজনাদি আদায় দিয়া ভোগ দখলাদির থাকাবস্থায় কিছু সম্পত্তির ব্যবহারের সুবিধার্থে আমার নিজ ভ্রাতা শ্রী অমলেন্দু কুমার নস্করের সহিত এ্যাওয়াজ - বদল নামা দলিল বলে এক্সচেঞ্জ দলিল করিয়া লই । উক্ত দলিল সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস রেজিষ্ট্রীকৃত ১৯৮০ সালে ৯০৫ নং দলিল মূলে লিপিবদ্ধ হইয়াছে এবং ১৯৮০ সালে ৯০৬ নং দলিল মূলে আমার অপর ভ্রাতা শ্রী সুখেন্দু কুমার নস্করের সহিত এ্যাওয়াজ - বদল নামা দলিল বা এক্সচেঞ্জ দলিল করিয়া লই । উক্তরূপে প্রাপ্ত হইয়া একক মালিক - স্বত্বাধিকারী হইয়া ভূস্বামী সেরেস্তায় ধার্য্য খাজনাদি আদায় দিয়া হল্কা সেটেলমেন্ট নিজ - নামে রেকর্ড ভুক্ত করিয়া অন্যের বিনা সংশ্রবে অদ্যাবধি নিরবচ্ছিন্ন ভাবে ভোগ দখল - করিয়া আসিতেছি ।

পৃঃ .... ৫

500Rs.






বর্ত্তমানে গৃহাদি নির্মান ও মেরামত করিবার জন্য ও অন্যান্য বৈধ কারণে নগদ অর্থের প্রয়োজনে আমি অদ্য আপনার নিকট হইতে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বর্ত্তমান বাজার - যাচাই সর্ব্বোচ্চ্য মূল্য মেলমোতাবেক - ৩,৭৫,০০০.০০ তিন লক্ষ পঁচাত্তর হাজার টাকা গ্রহনে - উক্ত সম্পত্তি আপনাকে বিক্রয় করিলাম ও বিক্রিত সম্পত্তিতে দখল দিলাম এবং অত্র সাফ - বিক্রয় কোবালা সম্পাদন স্বীকার, প্রকাশ ও অঙ্গিকার করিতেছি যে, আপনি অদ্য হইতে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ব স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া - মালিক সরকারের অধিনে নাম পত্তন করত: ধার্য্য খাজনাদি আদায় দিয়া ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গনক্রমে সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করন ক্ষমতা পরিচালনে যথেচ্ছা ভোগ - দখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার অপর কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্ত

100Rs.




স্থলাভিষিক্ত ব্যক্তিগন কস্মিন কালে কোন প্রকার দাবি দাওয়া বা ওজরাপত্তি করিতে পারিব না বা পারিবেক না, করিলে ও তাহা সর্ব্বত্র সর্ব্বতো ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে ।

নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে কাহাকে ও হস্তান্তর করি নাই বা - দান, বিক্রয় ও বন্ধকাদির দ্বারা আবদ্ধ হয় নাই বা উহা কোন আদালত কর্ত্তৃক ক্রোক - বা নিলাম হয় নাই বা এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা অন্য কোন প্রকার দায়যুক্ত হয় নাই । উহা সম্পূর্ন নির্দায় নির্দোষ ও বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান - থাকাবস্থায় অদ্য আপনাকে বিক্রয় করিয়া ও দখল দিয়া আমি চিরতরের মত নিঃস্বত্ব ও - দখলচ্যুত হইলাম ।

২ .... ৭

100 Rs.






উক্ত বিক্রীত সম্পত্তিতে আমার স্বত্ব স্বামিত্বের হীনতার জন্য বা আমার কোনরূপ তঞ্চকতার জন্য ভবিষ্যতে আপনার কোন ক্ষতি খেসারত হইলে আমি ওয়ারিশান গনক্রমে তাহা পূরন করিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক ।

আরও প্রকাশ থাকে যে, উক্ত বিক্রীত সম্পত্তিতে আপনার স্বত্ব স্বামিত্ব সুদৃঢ় করিবার জন্য অত্র দলিলে কোনরূপ ভুল ভ্রান্তি প্রকাশ পাইলে তাহা সংশোধন করিবার - জন্য আপনার তলব মত আপনার খরচায় বিনা পন গ্রহনে প্রয়োজনীয় দলিল দস্তাবেজ সম্পাদন করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

এতদ্বর্থে সুস্থ শরীরে স্বজ্ঞানে স্বেচ্ছায় সরল মনে অন্যের বিনানুরোধে অত্র - কোবালার লিখিত বিষয় বিশেষ ভাবে অবগত হইয়া পনের বাবদ সমুদয় টাকা নিম্ন

50 Rs.






নিম্ন রায়মত নগদে ও ড্রাফ্টে এই কোবালা সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম ।

ইতি তারিখ :- বাংলা ১৪০৭ সনের

ইংরাজী ২০০০ সালের

**************************************


তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় :-

*********************************

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর - এলাকাধীন মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনা কালেকটার অধীন রাজপুর - সোনারপুর পৌরসভার এলাকা ভূক্ত পরগনে - মেদনমল্ল অন্তর্গত মৌজা - তেঘরী - অবস্থিত জে: এল নং - ৫২, রে: সা: নং - ১২৬, তৌজি নং - ২৫০ ভূক্ত কৃষি ১০ নং - খতিয়ান সাবেক ও হাল ১৫ নং খতিয়ান লিপিবদ্ধ এক জমায় ৭৮ শতক জমির বার্ষিক - খাজনা ২.৮৭ পয়সা টাকা জমার মধ্যে বিক্রীত ২ কাঠা ৮ ছটাক জমির হারাহারী - খাজনা .১৫ পয়সা টাকা স্বত্ব রায়ত দখলী :- - -

LAN SHOWING THE LAND FOR SALE AT MOUZA TEGHARI J.L. No-52. R.S. DAG No-262(P) KH. No-15 BLOCK-B/1(P) P.S. SONARPUR DIST. 24 PGS. (S) UNDER RAJPUR SONARPUR MUNICIPALITY SCALE 10' FT = 1" INCH

SALE AREA COLOUR IN RED



সাবেক ও আর.এস. ২৬২ দুই শত বাষট্টি নং দাগে ৩/৪ ৭৮ শতক জমির - মধ্যে হস্কা ২৭৬ নং দাগে আমার নামে রেকর্ড ভুক্ত ২০ শতক জমির মধ্যে পূর্ব - বিক্রীত বাদে এই কোবালা সংলগ্ন নকসার লাল রং দ্বারা 'বি - ১' মার্কা প্লট - চিহ্নিত ও পরিবেষ্টিত ২ দুই কাঠা ৮ আট ছটাক পরিমিত জমি এই কোবালা মূলে - বিক্রীত সম্পত্তি হইতেছে। মূল্য - ৩,৭৫,০০০.০০ তিন লক্ষ পঁচাত্তর হাজার টাকা।

বিক্রীত জমির চৌহদ্দি :-

উত্তর :- প্লট নং - সি ২৬২ নং দাগের বাকী অংশ।

দক্ষিণ :- ৩০' ফুট সোনারপুর স্টেশন রোড।

পূর্ব :- প্লট - "বি" জমি।

পশ্চিম :- শ্রী নন্দন শর্মা এবং কামেশ্বরী শর্মার জমি।

টাকার জমা :-

অদ্য তারিখে মোট নগদ ৩,৭৫,০০০.০০ তিন লক্ষ পঁচাত্তর হাজার টাকা - বুঝিয়া পাইলাম। ॥

অর্দ্ধেন্দু কুমার নস্কর

লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক :-

শ্রী সৌমেন্দ্রনাথ মন্ডল

শ্রী সৌমেন্দ্রনাথ মন্ডল
লাইসেন্স নং - ৩১।১৯।১৯
সোনারপুর রেজিষ্ট্রী অফিস ॥

সাক্ষি :-

১। [illegible]
সাং- সোনারপুর [illegible]

২। [illegible]
[illegible]

টাইপকারক :-
[illegible]
সোনারপুর ॥

3440 I 3237

भारतीय गैर न्यायिक

INDIA NONJUDICIAL

पन्द्रह हजार रुपये

RUPEES FIFTEEN THOUSAND

Rs.15000 भारत INDIA Rs.15000

01BB 926167

থানা - সোনারপুর, মৌজা - তেঘরী

জমি - - ২ কাঠা ৮ ছটাক

মূল্য - - ৩,৭৫,০০০.০০ তিন লক্ষ পঁচাত্তর হাজার টাকা

মূল্যের নিঃস্বত্ব সাফ, বিক্রয় কোবালা : - - -

******** ******* * * * ****************

Admissable under rule 21, ...
Stamped of 614 of L. R. Act.
under the Indian Stamp Act. 1899
Corrected upto 1974 Schedule
I A No. 23 Fees Paid 4/50
Prosses fees Rs.

A 4114/-

Additional District Sub-Registrar
Sonarpur South 24-Pgs
19.4.2000

কোবালা ক্রেতা :-
***************

শ্রীমতী চিত্রা দে , স্বামী - শ্রী দিলীপ দে

জাতি - হিন্দু , পেশা - গৃহস্থালী, সাং - সাহেবপাড়া

থানা ও পোঃ- সোনারপুর, জেলা - দক্ষিন ২৪ পরগনা ॥

****************************************************

1000 Rs.




( ২ )

কোবালা বিক্রেতা :-
***************


শ্রী অর্দ্ধেন্দু কুমার নস্কর, পিতা - শ্রী কৃষ্ণ চন্দ্র নস্কর

জাতি - হিন্দু , পেশা - ব্যবসা, সাং - নওয়াপাড়া

থানা ও পো:- সোনারপুর, জেলা-দক্ষিন ২৪ পরগনা ॥

কস্য আমার দান সূত্রে প্রাপ্ত রায়ত দখলী স্বত্ব স্বত্ব বিশিষ্ট সর্ব্বপ্রকার হস্তান্তর যোগ্যের খেরাজী ডাঙাঁ জমি জনা মায় যাবতীয় চলাচলের ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি বিক্রয়ের নিঃস্বত্ব সাফ, কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে : - - -

1000Rs.






জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ.ডি: সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন রাজপুর - সোনারপুর পৌরসভার এলাকা ভুক্ত পরগনে - মেদনমল্ল অন্তর্গত জে: এল: নং - ৫২, মৌজা - তেঘরী অবস্থিত নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত এবং অত্র কোবালা সংলগ্ন নকসায় 'বি' মার্কা প্লটে লাল রং দ্বারা সীমারেখা চিহ্নিত ও পরিবেষ্টিত - ২ কাঠা ৮ ছটাক পরিমিত জমি অত্র কোবালা মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে ।

নিম্ন তপশীল বর্নিত জমি জমা সহ অন্যান্য জমি জমা আমি অত্র কোবালা বিক্রেতা বিগত ইংরাজী - ১৯৭৪ সালে আমার পিতা - শ্রী কৃষ্ণচন্দ্র নস্কর মহাশয়ের নিকট হইতে - দান সূত্রে প্রাপ্ত হই । উক্ত দানপত্র দলিল খানি সোনারপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৭ নং ভল্যুমে ১১১ হইতে ১১৩ নং পাতায় ১৯৭৪ সালে ৯৬৫ নং দানপত্র দলিল রূপে লিপিবদ্ধ রহিয়াছে । উক্তরূপে প্রাপ্ত হইয়া ভূস্বামী সেরেস্তায় ধার্য্য খাজনাদি

পৃ ..... ৪

1000Rs.






খাজনাদি আদায় দিয়া ভোগ দখলীকার থাকাবস্থায় কিছু সম্পত্তির ব্যবহারের সুবিধার্থে আমার নিজ ভ্রাতা শ্রী অমলেন্দু কুমার নস্করের সহিত এ্যাওয়াজ বদল নামা দলিল বলে এক্সচেঞ্জ দলিল করিয়া লই । উক্ত দলিল সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১৯৮০ সালে ৯০৫ নং দলিল মূলে লিপিবদ্ধ রহিয়াছে এবং ১৯৮০ সালে ৯০৬ নং - দলিল মূলে আমার অপর ভ্রাতা শ্রী সুখেন্দু কুমার নস্করের সহিত এ্যাওয়াজ বদল নামা দলিল বা এক্সচেঞ্জ দলিল করিয়া লই । উক্তরূপে প্রাপ্ত হইয়া একক মালিক স্বত্বাধিকারী হইয়া ভূস্বামী সেরেস্তায় ধার্য্য খাজনাদি আদায় দিয়া হাল সেটেলমেন্টে নিজ নামে রেকর্ড - ভূক্ত করিয়া অন্যের বিনা সত্ত্বে অদ্যাবধি নিরবচ্ছিন্ন ভাবে ভোগ দখল করিয়া আসিতেছি ।

500Rs.






বর্ত্তমানে গৃহাদি নির্মান ও মেরামত করিবার জন্য ও অন্যান্য বৈধ কারণে - নগদ অর্থের প্রয়োজনে আমি অদ্য আপনার নিকট হইতে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি - বর্ত্তমান বাজার যাচাই সর্ব্বোচ্চ্য মূল্য বেলমোক্তা - ৩,৭৫,০০০.০০ তিন লক্ষ পঁচাত্তর - হাজার টাকা গ্রহনে উক্ত সম্পত্তি আপনাকে বিক্রয় করিলাম ও বিক্রিত সম্পত্তিতে দখল - দিলাম এবং অত্র সাফ্ বিক্রয় কোবালা সম্পাদনে স্বীকার, প্রকাশ ও অঙ্গিকার করিতেছি যে, আপনি অদ্য হইতে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে - কায়েম দখলীকার হইয়া মালিক সরকারের অধিনে নাম পত্তন করতঃ ধার্য্য খাজনাদি আদায় - দিয়া ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গনক্রমে সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্ত করন ক্ষমতা - - পরিচালনে যথেচ্ছা ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার অপর কোন -

ওয়ারিশান - - -                                                    পৃঃ ..... ৬






ওয়ারিশান বা স্থলাভিষিক্ত ব্যক্তিগন কস্মিন কালে কোন প্রকার দাবি দাওয়া বা ওজরাপত্তি করিতে পারিব না বা পারিবেক না, করিলে ও তাহা সর্ব্বত্র-সর্ব্বতো ভাবে বাতিল ও অগ্রাহ্য - হইবে ।

নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে কাহাকে ও হস্তান্তর করি নাই বা - দান, বিক্রয় ও বন্ধকাদির দ্বারা আবদ্ধ হয় নাই বা উহা কোন আদালত কর্ত্তৃক ক্রোক বা - নিলাম হয় নাই বা এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা অন্য কোন প্রকার দায়যুক্ত হয় নাই । উহা সম্পূর্ন নির্দায় নির্দোষ ও বিক্রয় যোগ্য উত্তম স্বত্ত্ব বিদ্যমান থাকাবস্থায় অদ্য আপনাকে বিক্রয় করিয়া ও দখল দিয়া আমি চিরতরের মত নিঃস্বত্ব ও দখলচ্যুত - হইলাম ।

100 Rs.






উক্ত বিক্রিত সম্পত্তিতে আমার স্বত্ব স্বামিত্বের হীনতার জন্য বা আমার কোনরূপ তঞ্চকতার জন্য ভবিষ্যতে আপনার কোন ক্ষতি খেসারত হইলে আমি ওয়ারিশান গনক্রমে তাহা - পূরন করিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক ।

আরও প্রকাশ থাকে যে, উক্ত বিক্রিত সম্পত্তিতে আপনার স্বত্ব স্বামিত্ব সুদৃঢ় করিবার জন্য অত্র দলিলে কোনরূপ ভুল ভ্রান্তি প্রকাশ পাইলে তাহা সংশোধন করিবার জন্য - আপনার তলব মত আপনার খরচায় বিনা পন গ্রহনে প্রয়োজনীয় দলিল দস্তাবেজ সম্পাদন করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

50 Rs.






এতদ্বর্থে সুস্থ শরীরে স্বজ্ঞানে স্বেচ্ছায় সরল মনে অন্যের বিনানুরোধে অত্র কোবালার লিখিত বিষয় বিশেষ ভাবে অবগত হইয়া পনের বাবদ সমুদয় টাকা নিম্ন - জারমত নগদে ও ড্রাফ্‌ট অত্র কোবালা সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম ।

ইতি তারিখ :- বাংলা ১৪০৭ সনের ৬ই বৈশাখ

ইংরাজী ২০০০ সালের ১৯শে এপ্রিল

************************************

তপশীলে বিক্রিত সম্পত্তির পরিচয় :-

***** ********* ******************

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনা কালেকটার অধিন - রাজপুর - সোনারপুর পৌরসভার এলাকা ভুক্ত পরগনে - মেদনমল্ল অন্তর্গত মৌজা- তেঘরী অবস্থিত জে. এল. নং - ৫২, রে: সা: নং - ১২৬, তৌজি নং - ২৫০ ভুক্ত কৃষি - -

কৃষি ১০ নং খতিয়ান সাবেক ও হাল ১৫ নং খতিয়ান লিপিবদ্ধ -

এক জমায় ৭৮ শতক জমির বার্ষিক খাজনা ২.৮৭ পয়সা টাকা জমার মধ্যে -

বিক্রিত ২ কাঠা ৮ ছটাক জমির হাৱাহারী খাজনা .১৫ পয়সা টাকা -

স্বত্ব রায়ত দখলী : -.- -

সাবেক ও আর. এস. ২৬২ দুই শত বাষট্টি নং দাগে ডাঙাঁ ৭৮ শতক -

জমির মধ্যে হস্কা ২৭৬ নং দাগে আমার নামে রেকর্ড ভুক্ত ২০ শতক জমির -

মধ্যে বর্তমানে ৫ কাঠা জমির মধ্যে অত্র কোবালা সংলগ্ন নকসায় লাল রং দ্বারা -

'বি' মার্কা প্লটে চিহ্নিত ও পরিবেষ্টিত ২ দুই কাঠা ৮ আট ছটাক পরিমিত -

জমি অত্র কোবালা মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে । মূল্য - ৩,৭৫,০০০.০০ -

তিন লক্ষ পঁচাত্তর হাজার টাকা ॥

বিক্রিত জমির চৌহদ্দি : -
**********************

উত্তর :- প্লট নং - সি ২৬২ নং দাগের বাকী অংশ ।

দক্ষিন :- ৪০' ফুট সোনারপুর ষ্টেশন রোড, ।

পূর্ব :- ৬'-০০" কমন প্যাসেজ,

পশ্চিম :- [illegible]